



মানিলভারিং মামলায় সাকিব আল হাসানসহ ১৫ জন আসামিকে দুদকে তলব



সংগৃহীত ছবি

মানিলভারিং ও শেয়ার বাজার কারসাজি মামলায় দুর্নীতি দমন কমিশন (দুদক) সাকিব আল হাসানসহ ১৫ জন আসামিকে ধারাবাহিকভাবে জিজ্ঞাসাবাদের জন্য তলব করেছে। এ তালিকার ২ নম্বর আসামি, বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলের সাবেক অধিনায়ক ও আওয়ামী লীগ মনোনীত সাবেক সংসদ সদস্য সাকিব আল হাসানকে আগামী ২৬ নভেম্বর সকাল ১০টায় দুদক প্রধান কার্যালয়ে হাজির হয়ে বক্তব্য দিতে বলা হয়েছে।

বৃহস্পতিবার (২০ নভেম্বর) দুদক প্রধান কার্যালয়ে এক নিয়মিত মিডিয়া ব্রিফিংয়ে এ তথ্য জানান দুদক মহাপরিচালক মো. আজহার হোসেন।

দুদক জানায়, মামলার প্রধান আসামি সমবায় অধিদপ্তরের উপনিবন্ধক মো. আবুল খায়ের (হিরু)। তার বিরুদ্ধে অভিযোগ, তিনি অবৈধ উদ্দেশ্যে সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ অধ্যাদেশ, ১৯৬৯ এর ১৭ ধারা লঙ্ঘন করে নিজের স্বার্থসংশ্লিষ্ট বিও অ্যাকাউন্টে অসাধুভাবে 'সিরিজ ট্রানজেকশন', প্রতারণামূলক 'অ্যান্ডিভ ট্রেডিং' ও 'গ্যাম্বলিং স্পেকুলেশন'-এর মাধ্যমে বাজার কারসাজি করেন। এতে সাধারণ বিনিয়োগকারীদের প্রায় ২৫৭ কোটি টাকার ক্ষতি হয়েছে।

দুদকের এজাহারে আরও বলা হয়েছে, বাজার কারসাজির মাধ্যমে অর্জিত ২৯.৯৪ কোটি টাকার অপরাধলব্ধ অর্থ আবুল খায়ের তার স্ত্রী কাজী সাদিয়া হাসানের সহায়তায় বিভিন্ন খাতে স্থানান্তর করে উৎস গোপনের চেষ্টা করেন। এছাড়া তার ১৭টি ব্যাংক অ্যাকাউন্টে মোট ৫৪২ কোটি ৩১ লাখ টাকার সন্দেহজনক লেনদেন পাওয়া গেছে।

মামলার অভিযোগের ভিত্তিতে আসামিদের বিরুদ্ধে মানিলভারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ৪ ধারা; দুর্নীতি প্রতিরোধ আইন, ১৯৪৭ এর ৫(২) ধারা; এবং দণ্ডবিধির ৪০৯/৪২০/৪৬৭/৪৬৮/১২০ বি/১০৯ ধারায় মামলা করা হয়েছে।